আমাদের সময়

2 9 JAN 2016

# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পেলেন ১১ জন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●


ড. আতিউর রহমান


আবুল মোমেন


ফারুক চৌধুরী

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০১৫ ঘোষণা করা হয়েছে। গতকাল বাংলা একাডেমির মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ১০ ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করেন প্রতিষ্ঠানটির মহাপরিচালক শামসুজ্জামান খান। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বাংলা একাডেমির পরিচালক ড. জালাল আহমেদ, আব্দুল হাই, শাহিদা খাতুন, ড. মুজাহিদুল ইসলাম, মোবারক হোসেন, নুরুন্নাহার খানম মুক্তা প্রমুখ। পুরস্কারপ্রাপ্তরা হলেন কবিতায় আলতাফ হোসেন; কথাসাহিত্যে শাহীন আকতার; প্রবন্ধে যৌথভাবে আবুল মোমেন ও ড. আতিউর রহমান; গবেষণায় মনিরুজ্জামান; অনুবাদে আব্দুস সেলিম; মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্যে তাজুল মোহম্মদ; আত্মজীবনী, স্মৃতিকথা ও ভ্রমণকাহিনী ক্যাটাগরিতে ফারুক চৌধুরী; নাটকে মাসুম রেজা; বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশে শরীফ খান এবং শিশুসাহিত্যে সুজন বড়ুয়া। প্রাথমিক যাচাই-বাছাই শেষে পাঁচজন বিচারকের একটি কমিটি পুরস্কারপ্রাপ্তদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করেন। হায়াত মামুদের সভাপতিত্বে এ কমিটির বাকি চার বিচারক হলেন সৈয়দ আবুল মকসুদ, রামেন্দু মজুমদার, করুণাময়ী গোস্বামী ও ফখরুল আলম। বিচারকদের তালিকা গত বুধবার বাংলা একাডেমির এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## বাংলা একাডেমি সাহিত্য

(৩ এর পৃষ্ঠার পর) কার্যনির্বাহী পরিষদ অনুমোদন করে বলে সংবাদ সম্মেলনে জানান শামসুজ্জামান খান।

প্রতিটি বিভাগে পুরস্কারের মূল্যমান এক লাখ টাকা। প্রতিবারের মতো এবারও অমর একুশে গ্রন্থমেলার প্রথম দিনে উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরস্কারপ্রাপ্তদের হাতে সম্মাননা ক্রেস্ট ও পুরস্কারের টাকা তুলে দেবেন।